



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।  
(স্থানীয় সরকার শাখা)  
[www.dinajpur.gov.bd](http://www.dinajpur.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

### আন্তঃ উপজেলা ফেরিঘাট ইজারা ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী:

আহ্বায়ক : জনাব খালেদ মোহাম্মদ জাকী  
জেলা প্রশাসক, দিনাজপুর।  
সভার তারিখ : ১৩ মার্চ ২০২২ খ্রি:।  
সভার সময় : দুপুর ১২.৪০ ঘটিকা।  
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।  
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' ও 'খ'

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপপরিচালক, স্থানীয় সরকার ও সদস্য সচিব জনাব মো. বীরগঞ্জ ও খানসামা উপজেলার মধ্যবর্তী "জয়গঞ্জ" আন্তঃউপজেলা ফেরিঘাটটি বাংলা ১৪২৯ সনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত ১ম দফায় গত ০৭/০৩/২০২২ খ্রি: তারিখ দরপত্র দাখিলের দিন ধার্য ছিল। ধার্য তারিখে উক্ত ফেরিঘাটটির বিপরীতে খানসামা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাজে ০১ (এক) টি দরপত্র দাখিল হয়েছে। জেলা প্রশাসকের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর-এর কার্যালয়ে দরপত্র দাখিল হয়নি। প্রাপ্ত দরপত্রের বর্ণনা নিম্নরূপ:

ক্রঃ নং	দরদাতার নাম ও ঠিকানা	বাংলা ১৪২৯ সনের সম্ভাব্য ইজারা মূল্য	প্রদত্ত দর	জামানতের পরিমাণ	মন্তব্য
০১	জনাব ছান্দানুল ইসলাম পিতা- মোঃ কাকাস আলী সং- গোড় গ্রাম, উপজেলা- নীলফামারী, জেলা- নীলফামারী।	৯,৫৫,৯০০/-	৯,৫৬,০০০/-	২,৩৯,০০০/-	দাখিলকৃত দর সরকারি সম্ভাব্য দর অপেক্ষা বেশী

০১ প্রাপ্ত দরপত্রটি সভায় যাচাই বাছাই করা হয়। বর্ণিত ফেরিঘাটটির বাংলা ১৪২৯ সনের সম্ভাব্য সরকারি নির্ধারিত মূল্য ৯,৫৫,৯০০/- টাকার বিপরীতে ৯,৫৬,০০০/- টাকার দর দাখিল করা হয়েছে। দাখিলকৃত দর সরকারি সম্ভাব্য মূল্য অপেক্ষা বেশী। ইজারা বিজ্ঞপ্তির শর্তানুযায়ী সোনালী ব্যাংক লিমিটেড, খানসামা শাখা হতে দাখিলকৃত দরের ২৫% হিসেবে ২,৩৯,০০০/- টাকার বিডি জমা দেয়া হয়েছে, যার নম্বর POE 6899415, তারিখ ০৭/৩/২০২২ খ্রি:। হস্তান্তরিত ফেরিঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উক্ত আয় বন্টন সম্পর্কে নীতিমালা ২০০৩ এর অনুচ্ছেদ নং ২ (ক) (২) এর নির্দেশনা মতে পেশাদার প্যাটনী মাত্র একজন থাকলে তার অনুকূলে সম্ভাব্য ইজারা মূল্যে ফেরিঘাটটি ইজারা প্রদান করতে হবে। দরপত্রটি যাচাই করে সঠিক পাওয়ায় এবং দাখিলকৃত দর সরকারি সম্ভাব্য মূল্য অপেক্ষা বেশী হওয়ায় উক্ত দরদাতার অনুকূলে বীরগঞ্জ ও খানসামা উপজেলার মধ্যবর্তী ফেরিঘাটটি ইজারা প্রদান করা যেতে পারে যর্মে সভায় সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : বীরগঞ্জ ও খানসামা উপজেলার মধ্যবর্তী ফেরিঘাটটির বিপরীতে দাখিলকৃত দর সরকারি সম্ভাব্য মূল্য অপেক্ষা বেশী হওয়ায় জনাব ছান্দানুল ইসলাম, পিতা- মোঃ কাকাস আলী, সং- গোড় গ্রাম, উপজেলা- নীলফামারী, জেলা- নীলফামারী এর অনুকূলে ফেরিঘাটটি ইজারা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে আহ্বায়ক সভার সমাপ্তি ঘোষণা করেন।

(খালেদ মোহাম্মদ জাকী)

জেলা প্রশাসক

ও

আহ্বায়ক

আন্তঃ উপজেলা ফেরিঘাট ইজারা ব্যবস্থাপনা কমিটি  
দিনাজপুর।

৩০/৩/২২